

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)

কোটবাড়ি, কুমিল্লা

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা-এর "সহকারী পরিচালক (আইসিটি/কম্পিউটার সাইন্স), সহকারী পরিচালক (এ্যানিমেল হাজবেন্ডি), সহকারী পরিচালক (পরিসংখ্যান), সহকারী পরিচালক (কৃষি প্রকৌশল)" পদে নিয়োগদানের লক্ষ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ২২/১২/২০১৮ তারিখ রোজ শনিবার সকাল ১১:০০ ঘটিকায় বিয়াম মডেল স্কুল এন্ড কলেজ, ৬৩ নিউ ইস্কাটন, রমনা, ঢাকা-১০০০ এ অনুষ্ঠিত হবে। প্রাথমিক বাছাইয়ে যোগ্য প্রার্থীদের ইন্টারভিউ কার্ড ইতোমধ্যে ডাক যোগে প্রার্থীর ঠিকানায় প্রেরণ করা হয়েছে। উক্ত লিখিত পরীক্ষায় আবেদনকারীদের অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। পরীক্ষার হলে পরীক্ষার্থীর প্রবেশপত্র ও কলম ছাড়া অন্য কিছু সঙ্গে রাখা যাবে না।

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ও যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা পরের দিন ২৩/১২/২০১৮ তারিখ রোজ রবিবার অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার স্থান ও সময় বিয়াম ফাউন্ডেশনের নোটিশ বোর্ডে জানানো হবে। মৌখিক পরীক্ষার জন্য আলাদা ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা ও কোটার সপক্ষে সকল মূল সনদপত্র এবং জন্মসনদ/জাতীয় পরিচয়পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। উল্লেখ্য লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

বি.দ্রঃ তালিকায় উল্লিখিত প্রার্থীদের মধ্যে কোন পরীক্ষার্থী ইন্টারভিউ কার্ড না পেয়ে থাকলে পরীক্ষার দিন ২২/১২/২০১৮ তারিখ রোজ শনিবার সকাল ০৯:০০ ঘটিকার পূর্বে দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি বিয়াম মডেল স্কুল এন্ড কলেজ, ৬৩ নিউ ইস্কাটন, রমনা, ঢাকা-১০০০ তে জমা দিয়ে ইন্টারভিউ কার্ডের ডুপ্লিকেট কপি সংগ্রহের জন্য অনুরোধ করা হ'ল।